

FACT SHEET

তথ্য পত্র

দুটি আদালতের ঠিকানা

অস্ট্রেলিয়ার ফেডারেল ম্যাজিস্ট্রেট কোর্ট (Federal Magistrates Court of Australia) সাধারণ ফেডারেল আইন সম্পর্কিত বিষয়ের জন্য সিডনিতে দুটি জায়গা থেকে কার্য পরিচালনা করে থাকে:

- John Maddison Tower, 5, 6 এবং 7 তলা, 88 Goulburn Street (কেবলমাত্র আদালত কক্ষ), এবং
- Queens Square'এ Law Courts Building (কেবল রেজিস্ট্রির জন্য)।

সকল সাধারণ ফেডারেল আইন মামলা ফেডারেল ম্যাজিস্ট্রেট কোর্টে শুনানীর জন্য John Maddison Tower'এ তালিকাভুক্ত করা হয়।

Queens Square কেবল নিবন্ধনের জন্য।

অনুসন্ধান এবং ফাইলিং

ফেডারেল ম্যাজিস্ট্রেট কোর্টের জন্য সকল প্রকার তথ্য এবং কাগজপত্র জমার জন্য অবশ্যই Queens Square'এ Law Courts Building এর (17 তলায়) রেজিস্ট্রিতে যোগাযোগ করতে হবে। রেজিস্ট্রির টেলিফোন নম্বর হলো **02 9230 8567**। 12 অক্টোবর 2009 থেকে John Maddison Tower'এ কোন রেজিস্ট্রি কিংবা কাগজপত্র জমা দেয়ার সুবিধা থাকবে না।

John Maddison Tower কোথায়?

John Maddison Tower 88 Goulburn Street, সিডনি, Castlereagh Street এবং Elizabeth Street এর মাঝামাঝিতে অবস্থিত।

Law Courts Building, Queens Square কোথায়?


সকল তথ্যের জন্য রেজিস্ট্রি অফিস 237 Macquarie Street, সিডনিতে Law Courts Building'এর 17 তলায় অবস্থিত। Phillip Street, Macquarie Street এবং Queens Square দিয়ে ভবনে ঢুকার প্রবেশপথ রয়েছে।

আপনি যদি আদালতের ভুল ঠিকানায় হাজির হন

আপনি যদি আপনার মামলার জন্য ভুল করে Queens Square'এ এসে পড়েন, তাহলে শীঘ্রই আদালতের কোন কর্মচারীকে জানান। আদালতের কর্মচারী আপনাকে John Maddison Tower'এ যেতে বলবেন যেখানে সকল Federal Magistrates Court মামলা শুনানীর জন্য তালিকাভুক্ত।

আপনার যে আদালতে যাওয়ার কথা আদালতের কর্মচারী সে আদালতকে আপনার উপস্থিতির কথা জানাবেন এবং বলবেন যে আপনি সঠিক ঠিকানায় যাওয়ার জন্য রওনা হয়েছেন।

বিস্তারিত নির্দেশনার জন্য অপর পৃষ্ঠায় দেখুন।



আমি কেমন করে John Maddison Tower'এ যাব?

ট্রেনে করে

John Maddison Tower থেকে হাঁটা দুরত্বে তিনটি ট্রেন স্টেশন আছে। সবচেয়ে কাছাকাছি স্টেশন হলো Elizabeth Street এবং Liverpool Street'এর কর্ণারে Museum স্টেশন। Town Hall এবং Central স্টেশন দশ মিনিট হাঁটা দুরত্বে অবস্থিত।

বাসে করে

বেশ কয়েকটি বাস রুট রয়েছে যেগুলি John Maddison Tower'এর কাছে থামে। কোনটি সঠিক বাস রুট তা নির্ভর করবে আপনি কোথা থেকে যাত্রা শুরু করছেন তার উপর। সবচেয়ে উপযুক্ত বাস রুটটি খুঁজে পাওয়ার জন্য 131 500 নম্বরে Transport InfoLine'এ যোগাযোগ করুন অথবা www.131500.com.au দেখুন।

গাড়ীতে করে

John Maddison Tower'এর ঠিক উল্টো দিকে একটি কার পার্ক রয়েছে। এর প্রবেশপথ হলো Castlereagh Street এর কর্নারের কাছাকাছি Goulburn Street দিয়ে।

পায়ে হেঁটে

Queens Square থেকে John Maddison Tower পর্যন্ত - Hyde Park এর উভয় সেকশন পার হয়ে Liverpool Street পর্যন্ত হেঁটে আসুন এবং Elizabeth Street হয়ে Goulburn Street পর্যন্ত হাঁটতে থাকুন (প্রায় 15 মিনিট)।

Queens Square'এ Law Courts Building'এ কেমন করে যাওয়া যায়?

ট্রেনে করে

Queens Square'এ Law Courts Building থেকে হাঁটা দুরত্বে দুটি ট্রেন স্টেশন আছে। Macquarie Street'এর কর্ণারে রয়েছে St James স্টেশন - দয়া করে Macquarie Street দিয়ে বের হওয়ার পথ ধরুন যা আপনাকে সরাসরি Queens Square দিয়ে বের করে নিয়ে আসবে।

Martin Place স্টেশন।

দয়া করে Phillip Street দিয়ে বের হওয়ার পথ ধরুন এবং বাঁয়ে মোড় নিয়ে Phillip Street এবং King Street'এর কর্ণারের দিকে হাঁটুন। Martin Place স্টেশন প্রায় 3 মিনিটের হাঁটা পথ।

বাসে করে

বেশ কয়েকটি বাস রুট রয়েছে যেগুলি Queens Square এর কাছে থামে। কোনটি সঠিক বাস রুট তা নির্ভর করবে আপনি কোথা থেকে যাত্রা শুরু করছেন তার উপর। সবচেয়ে উপযুক্ত বাস রুটটি খুঁজে পাওয়ার জন্য 131 500 নম্বরে Transport InfoLine'এ যোগাযোগ করুন অথবা www.131500.com.au দেখুন।

গাড়ীতে করে

সবচেয়ে কাছের কার পার্কটি King Street'এর কাছে Elizabeth Street'এ NSW Leagues Club'এর পাশে অবস্থিত।

পায়ে হেঁটে

John Maddison Tower থেকে Queens Square পর্যন্ত - Hyde Park'এর উভয় সেকশন পার হয়ে Macquarie Street পর্যন্ত হেঁটে আসুন (প্রায় 15 মিনিট)।